দৈনিক ইনকিলাব

31 DEC 1987
তারিখ 31 DEC 1987
পৃষ্ঠা 1 কলাম 6

015

# ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধের আদেশ বেআইনী
## —প্রো-ভাইস চ্যান্সেলর

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজ উদ্দিন আহমদ বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধের আদেশ বেআইনী। তিনি বলেন, দেশে জরুরী আইন জারির পরও বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ১৯৭৩ চালু রয়েছে। অধ্যাদেশ অনুযায়ী বিশ্ববিদ্যালয় বন্ধের আইনগত

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

## প্রো-ভাইস চ্যান্সেলর

প্রথম পৃষ্ঠার পর

এখতিয়ার কেবল বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটই রাখে।

ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সকল বন্ধ ঘোষিত শিক্ষা প্রতিষ্ঠান অবিলম্বে খুলে দেয়া ও ২২টি ছাত্র সংগঠনের অন্যতম নেতা মোস্তফা ফারুকের মুক্তি দাবীতে গতকাল ভাইস চ্যান্সেলরের অফিসের সামনে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের অবস্থান ধর্মঘটের সময় তাদের পেশকৃত স্মারকলিপির জবাবে তিনি উপরোক্ত কথা বলেন।